দৈনিক ইত্তেফাক

২৪৬

তারিখ 27 JAN 1996
পৃষ্ঠা ৮/২ কলাম ২

# ২৯শে জানুয়ারী ঢাকা ভার্সিটির সিনেট অধিবেশন আহবান

আনোয়ার আলদীন ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনিয়ম সম্পর্কে আলোচনার জন্য আগামী ২৯শে জানুয়ারী বিশেষ সিনেট অধিবেশন ডাকা হইয়াছে।

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ২৯শে জানুয়ারী

(শেষ পৃঃ পর)

আওয়ামী লীগ সমর্থক ৩২ জন সিনেট সদস্য কর্তৃক প্রেরিত সিনেট অধিবেশন ডাকার অনুরোধ সম্বলিত এক চিঠির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এই বিশেষ অধিবেশন ডাকিয়াছেন। স্বাধীনতার পর ষষ্ঠবারের মত সিনেটের বিশেষ জরুরী অধিবেশন আহ্বান করা হইল। জানা গিয়াছে, গত ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে সিনেটের ৩২ জন সদস্য এক চিঠিতে ২৯শে জানুয়ারীর মধ্যে সিনেট অধিবেশন ডাকার অনুরোধ জানান। চিঠিতে দুইটি এজেণ্ডা উল্লেখ করা হয়। উহার একটি হইতেছে: ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও অফিসার নিয়োগের ক্ষেত্রে অনিয়ম এবং অপরটি বর্তমান ভিসির সময়ে সিনেট অধিবেশনে গৃহীত প্রস্তাব বাস্তবায়নের ক্ষেত্রে দীর্ঘসূত্রিতা সংক্রান্ত। সিনেটের জন্য নির্বাচিত ২৫ জন রেজিষ্টার গ্র্যাজুয়েট ও শিক্ষকদের "নীল" দলের ৭ জন সিনেট সদস্য ঐ চিঠিতে স্বাক্ষর করেন।

স্বাধীনতার পর বিশেষ সিনেট অধিবেশন প্রথম ডাকা হয় ১৯৭৫ সালের ২৮শে জুন। উহার পর ১৯৭৬ সালের ২৯শে জানুয়ারী, '৮০ সালের ২০শে জানুয়ারী '৮৬ সালের ২৪শে জুন, '৯০-এর ৩রা মে এবং সর্বশেষ ১৯৯৩ সালের ১৭ই মার্চ।

২৯শে জানুয়ারী অপরাহ্ন সাড়ে ৩টায় রেজিষ্ট্রার বিল্ডিং-এর সিনেট কক্ষে এই সিনেট অধিবেশন অনুষ্ঠিত হইবে।